জুলাই আন্দোলন নিয়ে বিতর্কিত মন্তব্যে বিএনপি নেতা ফজলুর রহমানের সব পদ তিন মাসের জন্য স্থগিত



সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থান নিয়ে 'কুরুচিপূর্ণ ও বিভ্রান্তিকর' মন্তব্য করায় বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ফজলুর রহমানের দলীয় প্রাথমিক সদস্য পদসহ সব পর্যায়ের পদ তিন মাসের জন্য স্থগিত করেছে দল। শোকজের জবাব সন্তোষজনক না হওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

জুলাই গণঅভ্যুত্থান নিয়ে ধারাবাহিকভাবে 'কুরুচিপূর্ণ ও বিভ্রান্তিকর' মন্তব্য করায় বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ফজলুর রহমানকে দলীয় প্রাথমিক সদস্য পদসহ সব পদ থেকে সাময়িকভাবে অব্যাহতি দেওয়া হয়েছে। মঙ্গলবার (২৬ আগস্ট) সন্ধ্যায় বিএনপির একটি নির্ভরযোগ্য সূত্র এ তথ্য নিশ্চিত করে।

দল থেকে পাঠানো চিঠিতে উল্লেখ করা হয়, গত ২৪ আগস্ট তার নামে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়েছিল। কিন্তু তিনি নির্ধারিত সময়ে লিখিত জবাব না দিয়ে সময় বাড়ানোর আবেদন করেন। পরবর্তীতে আরও ২৪ ঘণ্টা সময় বাড়ানো হলেও তিনি যে জবাব জমা দেন তা দল সন্তোষজনক মনে করেনি।

তবে বীর মুক্তিযোদ্ধা হিসেবে মুক্তিযুদ্ধে তার অবদানকে সম্মান জানিয়ে কঠোর ব্যবস্থা না নিয়ে আপাতত তিন মাসের জন্য সব পদ স্থগিত রাখা হয়েছে বলে জানানো হয়।

চিঠিতে ফজলুর রহমানকে সতর্ক করে বলা হয়েছে, ভবিষ্যতে টকশো বা সামাজিক যোগাযোগমাধ্যমে বক্তব্য দেওয়ার সময় যেন দেশের মর্যাদা, দলের নীতি ও জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত না লাগে, সে বিষয়ে সর্বদা সতর্ক থাকতে হবে।